

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, জুলাই ৮, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ : ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ/২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১৯৮-আইন/২০২২।—ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০০৫ সনের ১১ নং আইন) এর ধারা ১৬, ধারা ১৫ক এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায় “আইন” অর্থ ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০০৫ সনের ১১ নং আইন)।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের গঠন।—আইনের ধারা ১৫ক এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো সাপেক্ষে প্রয়োজনীয় সংখ্যক জনবলের সমন্বয়ে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল গঠিত হইবে।

(১১৭০৩)

মূল্য : টাকা ৮.০০

৪। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের ক্ষমতা।—জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল আইনের প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৫। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের কার্যাবলি।—জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) সার্বিক কার্যক্রম :

- (অ) তামাকমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে রোডম্যাপ প্রণয়ন ও উহার বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- (আ) তামাক নিয়ন্ত্রণে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদী জাতীয় কৌশলপত্র প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন;
- (ই) তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ সকল অধিদপ্তর, পরিদপ্তর, দপ্তর, প্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিকসহ অন্যান্য সংস্থা বা প্রতিষ্ঠানকে অধিকতর সম্পৃক্তকরণের উদ্যোগ গ্রহণ;
- (ঈ) তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রমের উদ্যোগ গ্রহণ;
- (উ) তামাকের ব্যবহার ত্যাগে উৎসাহ এবং সহায়তা প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন;
- (ঊ) তামাক ব্যবহারজনিত রোগ প্রতিরোধ বিষয়ক কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান;
- (ঋ) তামাকজাত দ্রব্যের ব্যবহার ও তামাক চাষের ক্ষতিকর দিক নিয়ে পরিচালিত গবেষণালব্ধ জ্ঞানের প্রয়োগে কার্যক্রম গ্রহণ;
- (এ) সরকার কর্তৃক স্বাক্ষরিত ও অনুসমর্থিত তামাক নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট আন্তর্জাতিক চুক্তি বাস্তবায়নে সহায়তা প্রদান; এবং
- (ঐ) তামাক নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ে সরকার কর্তৃক গৃহীত যে কোনো কার্যক্রমে সহায়তা প্রদান;

(খ) প্রশাসন ও সমন্বয় :

- (অ) তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ এবং অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সহিত সমন্বয় সাধন;

- (আ) তামাক নিয়ন্ত্রণে কার্যরত জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাসমূহের সহিত যোগাযোগ, অভিজ্ঞতা বিনিময় এবং তামাক নিয়ন্ত্রণে যৌথভাবে বিভিন্ন কর্মসূচি আয়োজন;
- (ই) সরকারি, বেসকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ কারিকুলামে তামাক নিয়ন্ত্রণ বিষয়ক প্রশিক্ষণ পাঠক্রম অন্তর্ভুক্তকরণের উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- (ঈ) তামাকজাত দ্রব্যের অবৈধ বাণিজ্য রোধে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত সমন্বয় সাধন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- (উ) তামাকের চাহিদা ও যোগান নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং এতদসংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক কার্যক্রমের সমন্বয় সাধন;
- (গ) প্রচারণা :
- (অ) তামাকের ক্ষতিকর দিক সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং আইন প্রতিপালনে জনসাধারণকে উদ্বুদ্ধ করিবার লক্ষ্যে দেশের সকল জেলা, উপজেলা ও জাতীয় পর্যায়ে কর্মশালা, সেমিনার, ইত্যাদির আয়োজন;
- (আ) পোস্টার, লিফলেট, ব্যানার, ইত্যাদি ছাপানো এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান, অফিস ও জনসমাগমস্থলে প্রদর্শনের জন্য বিতরণ এবং প্রিন্ট, ইলেকট্রনিক ও সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সকল ধরনের গণমাধ্যমে প্রচারণা নিশ্চিতকরণ;
- (ই) কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সম্পৃক্ত করিয়া সারাদেশে যথাযোগ্য মর্যাদায় ও গুরুত্বসহকারে বিশ্ব তামাকমুক্ত দিবসসহ এতদ্বিষয়ক অন্যান্য দিবস উদ্‌যাপন;
- (ঈ) তামাকের উৎপাদন ও ব্যবহারজনিত ক্ষতির বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গণমাধ্যমে প্রচারণা; এবং
- (উ) বাংলাদেশে তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমের উপর বাৎসরিক প্রতিবেদন তৈরি, প্রকাশ ও প্রচার;

(ঘ) গবেষণা ও মূল্যায়ন :

(অ) তামাক চাষ, তামাকজাত দ্রব্য উৎপাদন ও তামাক ব্যবহারজনিত কারণে জনস্বাস্থ্য, অর্থনীতি ও পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব এবং আইন বাস্তবায়নসহ তামাকের ক্ষতিকর দিক ও তামাক নিয়ন্ত্রণ সম্পর্কে গবেষণা পরিচালনা, গবেষণালব্ধ জ্ঞান নীতিনির্ধারক, তামাক চাষে নিযুক্ত কৃষক ও জনসাধারণকে অবহিতকরণ এবং ইহা তামাক নিয়ন্ত্রণ সংক্রান্ত নীতি প্রণয়নে কাজে লাগানো;

(আ) বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমের পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং ফলাফল নীতিনির্ধারক ও জনসাধারণকে অবহিতকরণ; এবং

(ই) তামাক নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক জরিপসমূহে অংশগ্রহণ ও প্রয়োজনীয় সহায়তা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খন্দকার জাকির হোসেন
উপসচিব।